দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 2 8 OCT 2015 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# বাকৃবিতে ছাত্র শিবিরের ৫ নেতা গ্রেফতার

■ ময়মনসিংহ প্রতিনিধি

নাশকতার পরিকল্পনায় গোপন বৈঠক করার সময় ময়মনসিংহ শহরের বলাশপুর এলাকার একটি বাসা থেকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র শিবিরের ৫ নেতাকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ। এ সময় তাদের কাছ থেকে ৮৯টি ইসলামী বই জব্দ করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, রাজশাহীর গোলাম কবির, ময়মনসিংহের তারাকান্দার শফিকুল ইসলাম ১, শফিকুল ইসলাম ২, জামালপুরের সালেহ উদ্দিন, ঠাকুরগাঁওয়ের নাসিম। জেলা গোয়েন্দা পুলিশের ওসি ইমারত হোসেন গাজী জানান, নাশকতার পরিকল্পনায় গোপন বৈঠক চলছে, গোপন সূত্রে এমন খবর পেয়ে মঙ্গলবার ভোরে শহরের বলাশপুর এলাকার ডা. এমএ জামানের বাসায় অভিযান চালিয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র শিবিরের বিভিন্ন পর্যায়ের ৫ নেতাকে আটক করা হয়। পরে তাদের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইনে কোতোয়ালী মডেল থানায় দায়ের করা মামলায় তাদের গ্রেফতার দেখানো হয়। তাছাড়াও বাসার বিভিন্ন কক্ষে অভিযান চালিয়ে ৮৯টি ইসলামী বই জব্দ করা হয়।